গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনোহরদী, নরসিংদী।

স্মারক নং-০৫.৩০.৬৮৭২.০০০.০২.০০৪.১৯-২২

তারিখঃ ২২ পৌষ, ১৪২৬
০৬ জানুয়ারি, ২০২০

## নিয়োগবিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র মনোহরদী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন)<br>পারিতোষিক: ৮৫০০/- (ভ্যাটসহ, মোট) | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবংস্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন।<br>পারিতোষিক: ৮০০০/- (ভ্যাটসহ, মোট) | ১) ন্যূনতম এইচ, এস, সি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলী:**

১) সরকারি, বেসরকারি সহ কোন ধরনের চাকুরিজীবী আবেদন করতে পারবেন না।
২) একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন। ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
৩) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৪) প্রার্থীকে মাঠ পর্যায়ে প্রত্যেক খানায় গিয়ে কাজ করার মন মানসিকতা থাকতে হবে।
৫) খানা শুমারি ২০১৮ এবং কৃষি শুমারি ২০১৯ এ কাজ করা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
৭) শুমারির পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে দেওয়া হবে।
৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।
৯) নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে এবং প্রত্যেক ইউনিয়ন পরিষদ/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে পাওয়া যাবে।
১০) উল্লিখিত শর্ত পূরণকল্পে আবেদন আগামী ১৬/০১/২০২০ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা পরিসংখ্যান মনোহরদী, নরসিংদী এই ঠিকানায় পৌঁছাতে হবে।
১১) আবেদন কারীদের আগামী ২২-২৩ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখে সকাল ১০ ঘটিকা হতে নিম্ন স্বাক্ষর কারীর কার্যালয়ে সাক্ষাতকার নেওয়া হবে।
১৩) সাক্ষাতকারের সময় অবশ্যই 'স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি' স্মার্ট ফোন সঙ্গে রাখতে হবে।
১৪) www.bbs.narsingdi.gov.bd তে নিয়োগের সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে।
১৫) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(শাফিয়া আক্তার শিমু)
উপজেলা নির্বাহী অফিসার
মনোহরদী, নরসিংদী
ও
সভাপতি
উপজেলা শুমারি/জরিপ স্থায়ী কমিটি
মনোহরদী, নরসিংদী।

# আবেদন ফরম

ফরমনং-____________

পাসপোর্ট সাইজ ছবি

**পদের নাম: গণনাকারী/সুপারভাইজার।** (নির্দিষ্ট পদের উপরে টিক চিহ্ন দিন√ ) (অফিস কর্তৃক পূরণীয়)

**(শুধুমাত্র প্রার্থী স্ব-হস্তে পূরণ করুন)**

১. প্রার্থীর নাম : বাংলায় : ____________________

ইংরেজি বড় অক্ষরে : ____________________

২. পিতার নাম : বাংলায় : ____________________

ইংরেজি বড় অক্ষরে : ____________________

৩. মাতার নাম : বাংলায় : ____________________

ইংরেজি বড় অক্ষরে : ____________________

৪. বর্তমান ঠিকানা প্রযত্নে : ____________________

হোল্ডিং নং : ____________________

গ্রাম : ____________________

মৌজা : ____________________

ইউনিয়ন : ____________________

উপজেলা : ____________________

৫. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) : ____________________

৬. জন্ম তারিখ (ইংরেজিতে) : ____________________

৭. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) : ____________________

৮. মোবাই লনম্বর (ইংরেজিতে) : ____________________

৯. নিজস্ব স্মার্ট ফোনের বিবরণ : আপনার ফোনের Android Verson:……..,
আপনার ফোনের স্ক্রীন সাইজ…………ইঞ্চি

১০ শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

তারিখঃ | | | ০ | ১ | ২ | ০ | ২ | ০ |

সংযুক্তি সমূহঃ

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

গ) সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজে রছবি।

ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি।

✂------------------------------------------------------------

**প্রাপ্তি স্বীকার**

**ফরম নং------------------**

পদের নাম-…………………………………………………………… (অফিস কর্তৃক পুরণীয়)

প্রার্থীর নাম-……………………………………………………………

মাতার নাম ……………………